দৈনিক সংবাদ

APR. 26 2002

তারিখ ... কলাম ... পৃষ্ঠা 2

# ফটিকছড়িতে ছাত্রলীগ নেতাকে অপহরণের পর হত্যা

**নিজস্ব বার্তা পরিবেশক,** চট্টগ্রাম ব্যুরো ঃ জেলার সন্ত্রাসকবলিত ফটিকছড়িতে ন্ত্রাসীরা অপহরণের পর গুলি করে এম. এ আজিজ (২৫) নামে এক ছাত্রলীগ নেতাকে ত্যা করেছে। নিহত আজিজ থানার ভুজপুর ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি। এ ত্যাকাণ্ডের জন্য থানা আওয়ামী লীগ জামাত-শিবিরকে দায়ী করেছে। বৃহস্পতিবার লিশ হারুয়ালছড়ির দুর্গম পাহাড়ি এলাকা থেকে তার লাশ উদ্ধার করে।

জানা গেছে, বুধবার বিকেল ৭/৮ সশস্ত্র যুবক একটি মাইক্রোবাসযোগে ভুজপুর উনিয়নের আজিমপুর গ্রামে এসে হানা দেয়। সন্ত্রাসীরা অস্ত্রের মুখে স্থানীয় বাসিন্দা রাজুল ইসলামের ছেলে এম. এ আজিজকে মাইক্রোবাসে তুলে নাজিরহাটের দিকে য়ে যায়। অপহৃত হওয়ার পরপরই পুলিশে খবর দেয়া হয়।

পুলিশ জানায়, এম. এ আজিজকে অপহরণের খবর পাওয়ামাত্র সন্দেহজনক বিভিন্ন ানে সাঁড়াশি অভিযান চালানো হয়। ফটিকছড়ি ও হাটহাজারী থানার দুই ভারপ্রাপ্ত র্মকর্তার নেতৃত্বে পুলিশের ৪টি দল বিভিন্ন স্থানে অভিযান চালালেও এম. এ আজিজকে ীবিত উদ্ধারে পুলিশ ব্যর্থ হয়েছে। বৃহস্পতিবার সকাল ৬টায় ফটিকছড়ি থানার ারুয়ালছড়ির পাহাড়ি এলাকা থেকে তার লাশ পুলিশ উদ্ধার করে। থানা আওয়ামী লীগ, বলীগ এবং ছাত্রলীগ এ ঘটনায় জামাত-শিবির ক্যাডারদের দায়ী করেছে। এলাকায় উত্তেজনা বিরাজ করছে।